গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০১.২১-২৮৩ — তারিখ : ২৭-০৮-২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ: ০৪/০২/২০১৬ মোতাবেক রাজস্ব খাতভুক্ত বৃত্তির সংখ্যা/কোটা ও টাকার পরিমাণ পুন:নির্ধারণ সংক্রান্ত আদেশের প্রেক্ষিতে নিম্নে উল্লিখিত সংখ্যা ও হার অনুযায়ী স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০২৫-২০২৬ অর্থবছরে ০৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ''মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তির'' কোটা বণ্টন করা হলো :

**স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তির কোটা বণ্টন :**

| ক্রমিক | বিশ্ববিদ্যালয়ের নাম | মেধাবৃত্তি | | | সাধারণ বৃত্তি | | | বৃত্তির মেয়াদকাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মেধাবৃত্তির সংখ্যা | বৃত্তির হার (মাসিক) | এককালীন অনুদান (বার্ষিক) | সাধারণ বৃত্তির সংখ্যা | বৃত্তির হার (মাসিক) | এককালীন অনুদান (বার্ষিক) | |
| ১. | ঢাকা বিশ্ববিদ্যালয় | ৩৫ | ১১২৫.০০ | ১৮০০.০০ | ১৮৭৫ | ৪৫০.০০ | ৯০০.০০ | ০১(এক) বছর |
| ২. | রাজশাহী বিশ্ববিদ্যালয় | ২৬ | | | ৯৮৪ | | | |
| ৩. | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | ১৮ | | | ৫৬২ | | | |
| ৪. | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | ১৬ | | | ২৮১ | | | |
| ৫. | শাহজালাল বিশ্ববিদ্যালয় | ১২ | | | ১৪১ | | | |
| ৬. | খুলনা বিশ্ববিদ্যালয় | ১২ | | | ১৪১ | | | |
| ৭. | ইসলামী বিশ্ববিদ্যালয় | ১৩ | | | ১৪১ | | | |

■ এই বৃত্তির ব্যয় চলতি (২০২৫-২০২৬) অর্থবছরের রাজস্ব বাজেটের ''১২৫০২০১-১০৮৭৬২-৩৮২১১১৭'' বৃত্তি/মেধাবৃত্তি খাত হতে নির্বাহ করা হবে এবং প্রকাশিত বৃত্তির গেজেটে উল্লিখিত খাত/কোড নম্বর সঠিকভাবে মুদ্রণ করতে হবে।

### শর্তাবলী :

১। মেধার ভিত্তিতে বৃত্তি প্রাপ্তদের তালিকা প্রস্তুত করতে হবে।
২। বৃত্তির তালিকা প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী অনুপাতে মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তির ৫০% ছাত্র এবং ৫০% ছাত্রী হিসেবে বণ্টিত হবে। তবে যোগ্য ছাত্রী না পাওয়া গেলে যোগ্য ছাত্র কে সম্পূরক বৃত্তি দেয়া যাবে।
৩। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী উচ্চতর শ্রেণিতে অধ্যয়নের জন্য ভর্তি হলেই কেবল বৃত্তি ভোগের যোগ্য হবেন।
৪। বৃত্তির নীতিমালা অনুসরণ করে উল্লিখিত বণ্টন মোতাবেক আগামী ১৮/০৯/২০২৫ তারিখের মধ্যে বৃত্তির গেজেট প্রকাশ এবং প্রকাশিত গেজেটের সফ্‌টকপি ই-মেইলে (dshe.stipend@gmail.com) ও হার্ডকপি মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে।

বিঃ দ্রঃ- তথ্য এন্ট্রি দেয়ার সময়সীমা : মেধা/সাধারণ বৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের MIS Software-এ তথ্য এন্ট্রির সময়সীমা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নোটিশ বোর্ডে পরবর্তীতে বিজ্ঞপ্তি মারফত যথাসময়ে জানিয়ে দেয়া হবে।

MIS সফটওয়ারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :

০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
০২। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে;
০৩। শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব প্রদান করা যাবে না;
০৪। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ শিক্ষার্থীর এন্ট্রিকৃত হিসাবধারীর নামের স্থলে প্রথমে শিক্ষার্থীর নাম, তারপর and এবং তারপর দ্বিতীয় হিসাবধারীর নাম ইংরেজিতে এন্ট্রি করতে হবে;
০৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৭। বিকাশ, শিউর ক্যাশ নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা;
০৮। শিক্ষার্থীর সর্বশেষ পরীক্ষার নাম ও সাল, রেজিস্ট্রেশন নম্বর, প্রাপ্ত জিপিএ সঠিকভাবে পূরণ করতে হবে;
০৯। একটি পরীক্ষার বিপরীতে একজন শিক্ষার্থীর একাধিক এন্ট্রি (Multiple Entry) করা যাবে না। Multiple Entry থাকলে সঠিক এন্ট্রি রেখে অবশিষ্ট এন্ট্রি নিষ্ক্রিয় (Deactivate) করতে হবে;
১০। শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম, রাউটিং নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
১১। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
১২। শিক্ষার্থীর প্রদত্ত ব্যাংক হিসাবটি অবশ্যই সচল (Active) থাকতে হবে;

**তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :**

# DSHE Scholarship MIS এর URL (লিংক) : **scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login**

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খান)
মহাপরিচালক

প্রাপক :
রেজিস্ট্রার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/শাহজালাল/খুলনা/ইসলামী বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০১.২১-২৮৩/১০ — তারিখ : ২৭-০৮-২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৩. পরিচালক, কলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৪. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ নং পুরানা পল্টন, ঢাকা।
০৬. বিভাগীয় কন্ট্রোলার অব একাউন্টস/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.......................................................................
০৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[**''স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০২৫-২০২৬ অর্থবছরে রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ বৃত্তির কোটা বন্টনের অফিস আদেশ''** শিরোনামে পত্রটি মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশ ও সংশ্লিষ্ট ০৭টি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর ই-মেইলে প্রেরণের অনুরোধসহ]
০৮. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৯. সংরক্ষণ নথি

27.08.25
(কামরুন নাহার)
সহকারি পরিচালক (একিউএইউ)
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন : ৪১০৫৩৮১১

F:\চলমান মেধাবৃত্তির ফাইল\Desktop 01-03-22\সাইফুল ভাই\kota_JSC_SSC_HSC_university\নিকোষ ফোল্ডার\university\University note, fc\nikosh university FC১৬.doc